

শিক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২০ মে ২০১৩/৬ জ্যৈষ্ঠ ১৪২০

নং ৩৭.০০.০০০০.০৭১.১১.০০২.১০-৫১৮-এস, আর, ও নং ১৮৯-আইন/২০০৬—বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১নং আইন)-এর ধারা ২১-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ইতোপূর্বে প্রজ্ঞাপন নং ৩৭.০০.০০০০.০৭১.১১.০০২.১০-৭৪১, তারিখঃ ১৭ জুলাই ২০১২ খ্রিস্টাব্দ/২ শ্রাবণ ১৪১৯ বঙ্গাব্দ মূলে সংশোধিত বেসরকারি শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬-এর নিম্নরূপ পুনঃ সংশোধন করিলেন :

বিধি ১০-এর (১) উপ-বিধির পর নিম্নোক্ত (i) উপ-উপবিধিটি সংযোজিত হইবে :

“(১)(i) উপ-বিধি(১)-এ এনটিআরসিএ-এর প্রত্যয়নপত্র প্রদান বিষয়ে চতুর্থ তফসিলে বর্ণিত ফরম-৪-এর নীচে উল্লিখিত ‘Note: The certificate will remain valid for five years following the publication date of results.’ শীর্ষক বাক্যটি বিলুপ্ত হইবে। এই বিলুপ্তিকরণ এনটিআরসিএ কর্তৃক পূর্বে গৃহীত সকল শিক্ষক নিবন্ধন পরীক্ষায় প্রদত্ত প্রত্যয়ন পত্রের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সচিব।